

মরিচের মাকড়

পোকা পরিচিতি

মরিচের মাকড় একটি বহুভোজী পোকা। মাকড়গুলো দেখতে বালুকনার মতো, খালি চোখে দেখা কষ্টকর। এগুলো দলবদ্ধভাবে পাতার নিচে অবস্থান করে। অক্টোবর থেকে নভেম্বর মাসে যখন আবহাওয়া শুষ্ক ও আর্দ্র থাকে তখন এই পোকার উপদ্রব দেখা যায়। লার্ভা ও পূর্ণবয়স্ক মাইট গাছের কোষ ছিদ্র করে রস শোষণ করে এবং বিষাক্ত পদার্থ নিঃসৃত করে।

ক্ষতির লক্ষণ

লার্ভা এবং পূর্ণবয়স্ক পোকা উভয়েই কঁচি পাতা এবং বর্ধিত ডগা থেকে রস শুষে খায়। মাকড়ের আক্রমণ হলে মরিচ গাছের কচি পাতাগুলো কুঁকড়ে যায়, গাছ নিস্তেজ হয়ে পড়ে। আক্রমণ বেশি দিনের হলে পাতা কুঁকড়ে নৌকার মত হয়ে নিচের দিকে বেঁকে যায়। মরিচের গায়ে বাদামী দাগ পড়ে। এছাড়াও পাতার শিরার মধ্যকার এলাকা বাদামী রং ধারণ করে পাতা মড়মড়ে হয়ে আস্তে আস্তে শুকিয়ে যায় এবং গাছ মারা যায়। গাছে ফুল থাকলে ঝরে পড়ে, মরিচ ঝরে যায় ও খাওয়ার অনুপযুক্ত হয়ে পড়ে।



ছবি: আক্রান্ত গাছ, ফুল ও ফল।

সমন্বিত বালাই ব্যবস্থাপনা

- ১। রোগ প্রতিরোধী জাত ব্যবহার করা।
- ২। একই জমিতে বার বার মরিচ চাষ করা যাবে না অর্থাৎ শস্য পর্যায় অবলম্বন করতে হবে।
- ৩। জমিতে যাতে পানি না জমে সেদিকে নজর রাখতে হবে এবং জমি পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে।
- ৪। জমিতে সুসম সার ব্যবহার করতে হবে।
- ৫। ফল সংগ্রহের সময় অত্যন্ত সতর্ক থাকতে হবে যাতে সংগ্রহকারীর কাপড় এবং শরীর দ্বারা মাইটগুলো আক্রান্ত গাছ থেকে সুস্থ গাছ বা ক্ষেতের মধ্যে ছড়াতে না পারে।
- ৬। প্রাথমিক অবস্থায় ১% ইউরিয়া গুলানো পানি (১০ লিটার পানিতে ১০০ গ্রাম ইউরিয়া) ছিটিয়ে এ মাইট দমন করা যায়। ১ম বার স্প্রে করার ৭ দিন পর ২য় বার স্প্রে করতে হবে।
- ৭। আক্রমণ বেশি হলে প্রতি ১০ লিটার পানিতে ২০ গ্রাম থিয়োভিট বা ক্যালথেন বা ভার্টিমেক বা ওমাইট মিশিয়ে ১ম বার স্প্রে করার ৩ দিন পর ২য় বার এবং ৭ দিন পর ৩য় বার স্প্রে করতে হবে।

আরো তথ্যের জন্য:

পরিচালক, উদ্ভিদ সংরক্ষণ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২১৫। E-mail: dppw@dae.gov.bd

বিস্তারিত জানার জন্য আপনার নিকটস্থ উপসহকারী কৃষি অফিসার অথবা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন